ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-১৬৩৩

আগরতলা, ৮ জুলাই, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

''সহায়তার আবেদন দুর্ঘটনায় আহত পিতার চিকিৎসা ব্যয় নিয়ে চিন্তিত কন্যা,''এই শিরোনামে আজকের ফরিয়াদ পত্রিকায় গত ৬ জুলাই, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই প্রসঙ্গে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের প্রদত্ত রিপোর্ট অনুযায়ী দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, গত শুক্রবার রাত এগারোটায় বাইক আরোহী সবজি ব্যবসায়ী নন্দকিশোর ঘোষ গাড়ির সঙ্গে সংঘর্ষে বাইক থেকে ছিটকে জাতীয় সড়কে পড়ে যান এবং মারাত্মকভাবে আহত হন। আহত নন্দকিশোর ঘোষকে প্রথমে বিশালগড় মহকুমা হাসপাতালে ভর্তি করা হয় এবং পরবর্তী সময়ে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে রেফার করা হয়। সেখানে প্রথমে তাকে ট্রমা কেয়ার সেন্টারে ভর্তি করা হয় এবং পরে মেল অর্থোপেডিক ওয়ার্ডে স্থানান্তরিত করা হয়। তিনি জিবিপি হাসপাতালে সমস্ত প্রয়োজনীয় চিকিৎসা পরিষেবা গ্রহণ করছেন। অপরদিকে, উনাকে সিএমজেএওয়াই যোজনার আওতায় সমস্ত প্রযোজ্য সুযোগ সুবিধাও প্রদান করা হচ্ছে।

*****